

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার -
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম
চিড়িয়াখানা রোড, মিরপুর-১, ঢাকা-১২১৬।
www.bnh.gov.bd

বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের ২য় ত্রৈমাসিক অক্টোবর-ডিসেম্বর ২০২১ পর্যন্ত 'ই-গভন্যাপ্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন' অগ্রগতি সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	: ড. সরদার নাসির উদ্দিন, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।
সভার তারিখ	: ১০ জানুয়ারি, ২০২২ খ্রিষ্টাব্দ রোজ সোমবার।
সময়	: সকাল ১০:০০ ঘটিকা।
সভার স্থান	: হারবেরিয়াম অডিটোরিয়াম, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম।
সভায় উপস্থিতি	: পরিশিষ্ট- "ক"

উপস্থাপনাঃ

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এ পর্যায়ে তিনি বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়ামের 'ই-গভন্যাপ্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক অক্টোবর-ডিসেম্বর ২০২১ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করান জন্য ইনোভেশন কমিটির ফোকাল পয়েন্ট প্রোগ্রামার জনাব মোহাম্মদ রাশেদুল হাকিমকে অনুরোধ জানান। প্রোগ্রামার জনাব মোহাম্মদ রাশেদুল হাকিম পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে ২য় ত্রৈমাসিক অক্টোবর-ডিসেম্বর ২০২১ পর্যন্ত 'ই-গভন্যাপ্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন' নিম্নোক্ত ছকাকারে উপস্থাপন করেন।

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	সূচকের মান	লক্ষ্যমাত্রা	অর্জন (অক্টোবর-ডিসেম্বর ২০২১)
১	২	৩	৪	৫	৬
[১.১] উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন	[১.১.১] একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত	তারিখ	৫	১৬/০৩/২০২২	০১/১২/২০২১
[১.২] সেবা সহজীকরণ	[১.২.১] একটি সেবা সহজীকৃত	তারিখ	৫	২৫/০২/২০২২	০১/১২/২০২১
[১.৩] সেবা ডিজিটাইজেশন	[১.৩.১] ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকৃত	তারিখ	৫	৩০/১২/২০২২	০১/১২/২০২১
[১.৪] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা	[১.৪.১] সভা আয়োজিত	তারিখ	৪	৩০/০৮/২০২১	২৯/০৮/২০২১
[১.৫] ই-নথির ব্যবহার বৃদ্ধি	[১.৫.১] ই-ফাইলে নোট নিম্পত্তিকৃত	%	৬	৮০%	৮০%
[১.৬] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন	[১.৬.১] সভা/কর্মশালা আয়োজিত	সংখ্যা	৪	৪	-

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	সূচকের মান	লক্ষ্যমাত্রা	অর্জন (অক্টোবর-ডিসেম্বর ২০২১)
১	২	৩	৪	৫	৬
[২.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ	[২.১.১] তথ্য বাতায়নে সকল সেবা বঙ্গ হালনাগাদকৃত	সংখ্যা	৪	৪	১টি
	[২.১.২] বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে প্রকাশিত	সংখ্যা	২	৪	১টি
[২.২] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত	সংখ্যা	৩	৪	১টি
	[২.২.২] ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত	%	৩	৮০%	-
	[২.২.৩] কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজিত	সংখ্যা	৩	৪	১টি
	[২.২.৪] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রীপরিষদ বিভাগে/উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরিত	তারিখ	৩	১৩/০১/২০২২	-
	[২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত	সংখ্যা	৩	৩০/৫/২০২২	-


হারবেরিয়ামের 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি ২য় কোয়ার্টার ডিসেম্বর ২০২১ নাগাদ কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী [১.১.১] একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত, [১.২.১] একটি সেবা সহজিকৃত এবং [১.৩.১] ন্যূনতম একটি সেবা ডিজিটাইজকৃত - এই ৩টি কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে গত ০১ ডিসেম্বর ২০২১ তারিখে জনাব মো: মোস্তফা কামাল, সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক হারবেরিয়ামের জন্য প্রস্তুতকৃত ডেপ্লটপ/মোবাইল অ্যাপ শুভ উদ্বোধন করেন। তাছাড়া ইনোভেশনের অন্যান্য কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক এবং পরবর্তীতে অসম্পূর্ণ কার্যক্রম বাস্তবায়ন করা হবে বলে প্রোগ্রামার সভাকে অবহিত করেন। এ পর্যায়ে সভাপতি মহোদয় হারবেরিয়ামের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে সম্ভাব্য করণীয় সম্পর্কে উপস্থিত সকলের মতামত আহ্বান করেন। উপস্থিত সকল সদস্যবৃন্দ বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করেন। উপস্থিত সকলে সচিব মহোদয় কর্তৃক হারবেরিয়ামের জন্য প্রস্তুতকৃত ডেপ্লটপ/মোবাইল অ্যাপ শুভ উদ্বোধনের প্রশংসা করেন। সভাপতি মহোদয় 'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত [১.৬] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজনের বিষয়ে যথাযথ পদক্ষেপ নেওয়ার ব্যাপারে মতামত প্রকাশ করেন এবং অন্যান্য কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার ব্যাপারে পরামর্শ প্রদান করেন।

২০২১

২.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তগুলো গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত নং	সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
২.১	'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত [১.৬] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন করা।	প্রোগ্রামার
২.২	'ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত অন্যান্য অসম্পূর্ণ কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করা।	প্রোগ্রামার

৩.০ পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


২০-০২-২০২২

ড. সরদার নাসির উদ্দিন
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা
বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম